

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট
১২৫/এ, দারুস সালাম, এ ডব্লিউ চৌধুরী রোড, ঢাকা-১২১৬

সংখ্যা : ১৫.৫৫.০০০০.৩০১.১৭.০৮৮.১৮. ২৭০

তারিখ : ২৭ জুলাই ২০২৩ খ্রি.

প্রেস রিলিজ

ঢাকা, জুলাই ২৭, ২০২৩ খ্রি.

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট আয়োজিত ও সপ্তাহব্যাপী 'টেলিভিশন নাটক প্রযোজনা কৌশল' প্রশিক্ষণ পাঠ্যধারার সমাপন ও সনদপত্র বিতরণ অনুষ্ঠান ২৭ জুলাই ২০২৩ তারিখ দুপুর ১২.০০ ঘটিকায় সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণ পাঠ্যধারাটি সমাপন ও সনদপত্র বিতরণ করেন জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের মহাপরিচালক ফায়জুল হক।

প্রশিক্ষণ পাঠ্যধারায় সফলভাবে অংশগ্রহণের মাধ্যমে প্রশিক্ষণার্থীবৃন্দ বাংলাদেশের অভ্যুদয়, স্মার্ট বাংলাদেশ, 4IR, বিশ্ববিদ্যালয়ের নাট্যকলা বিভাগের পাঠ্যক্রম-পরিপূরক আধুনিক ও মানসম্পন্ন টেলিভিশন নাটক নির্মাণের পরিকল্পনা-পরিচালনা-প্রযোজনার আবশ্যিকীয় তত্ত্বীয় এবং ব্যবহারিক পাঠদান করা হয়। প্রশিক্ষণ পাঠ্যধারার কোর্স কারিকুলামের অংশ হিসেবে শিক্ষার্থীরা চারটি টেলিভিশন নাটক নির্মাণ করেন।

টেলিভিশন নাটক নির্মাণ সম্পর্কে প্রশিক্ষণলব্ধ মৌলিক জ্ঞান ও দক্ষতা প্রশিক্ষণার্থীগণ ভবিষ্যৎ কর্মক্ষেত্রে প্রয়োগ করতে সক্ষম হবেন বলে মহাপরিচালক আশাবাদ ব্যক্ত করেন।

সমাপন ও সনদপত্র বিতরণ অনুষ্ঠানে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের নাটক ও নাট্যতত্ত্ব বিভাগের সহযোগী অধ্যাপক মো. খোরশেদ আলম, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের পরিচালক ও পাঠ্যধারা উপদেষ্টা ড. মো. মারুফ নাওয়াজ এবং পাঠ্যধারা পরিচালক সুমনা পারভীন উপস্থিত ছিলেন।

পাঠ্যধারাটিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের থিয়েটার এন্ড পারফরম্যান্স স্টাডিজ বিভাগের ১৫ জন এবং জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের নাটক ও নাট্যতত্ত্ব বিভাগের ২৯ জনসহ মোট ৪৪ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন।

আবদুল হান্নান
গণসংযোগ কর্মকর্তা
ফোন : ৫৫০৭৯৪৩৮-৪২

বিতরণ :

- ১। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, ঢাকা
- ২। মুখ্য বার্তা সম্পাদক/ চিফ রিপোর্টার, বাংলাদেশ টেলিভিশন/ বাংলাদেশ বেতার/ বাংলাদেশ সংবাদ সংস্থা/ এটিএন বাংলা/ চ্যানেল আই/ একুশেটিভি/ এনটিভি/ সময় টিভি/দৈনিক ইত্তেফাক/ দৈনিক জনকণ্ঠ/ দৈনিক প্রথম আলো/ দৈনিক যুগান্তর/বাংলাদেশ প্রতিদিন/দৈনিক ভোরের পাতা/দৈনিক সকালের খবর/দৈনিক ভোরের কাগজ/ এবিসিনিউজবিডি.কম/ কমিউনিটি বেতারসমূহ।
- ৩। প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা।
(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৪। কার্যালয় নথি।